


দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক




সোমবার | ১৬ সেপ্টেম্বর ২০২৪ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৫তম বর্ষ ১২ সংখ্যা | ১ আশ্বিন ১৪৩১ সাল | ১২ রবিউল আউয়াল ১৪৪৬ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা

# প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষাকার্যক্রম সম্পূর্ণভাবে স্বাভাবিক

বাংলাদেশে বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহ প্রাইভেট ইউনিভার্সিটি আইন-২০১০ অনুসারে ট্রাস্টি বোর্ড দ্বারা পরিচালিত হয়। বেসরকারি বিশ্ববিদ্যালয়ের প্রকৃত অর্থে কোনো মালিকানা নেই এবং বিশ্ববিদ্যালয় কারও ব্যক্তি মালিকানাধীন সম্পত্তি নয়। ট্রাস্টি বোর্ড বিশ্ববিদ্যালয়ের আর্থিক সম্পদের রক্ষাকারী এবং সকল সম্পদকে কেবলমাত্র বিশ্ববিদ্যালয়ের স্বার্থে সুষ্ঠুভাবে ব্যবহার করার জন্য দায়বদ্ধ। বিশ্ববিদ্যালয়ের ভূ-সম্পত্তি, ভৌত কাঠামো, শিক্ষাসামগ্রী ইত্যাদি বিশ্ববিদ্যালয়ের সম্পত্তি। বোর্ড অব ট্রাস্টিজের সদস্যরা সময়ে সময়ে প্রয়োজন অনুযায়ী পরিবর্তিত হন। তাঁরা কেউই বহুকালব্যাপী স্থায়ী নন।

প্রিমিয়ার ইউনিভার্সিটি তার প্রতিষ্ঠাকাল থেকে অদ্যাবধি দেশবরেণ্য শিক্ষাবিদ এবং শিক্ষানুরাগী ব্যক্তিবর্গের সমন্বয়ে সময়ে সময়ে গঠিত বোর্ড অব গভার্নর্স/বোর্ড অব ট্রাস্টিজ-এর মাধ্যমে পরিচালিত হয়ে আসছে। বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ড গঠন/পুনর্গঠন ইত্যাদি বিষয় তদারকির জন্য রাষ্ট্রের সুনির্দিষ্ট কর্তৃপক্ষ রয়েছে। সম্প্রতি দেশের বিভিন্ন পত্র-পত্রিকায় প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ড নিয়ে বিভিন্ন রকমের সংবাদ প্রকাশিত হয়েছে, যা প্রিমিয়ার ইউনিভার্সিটি কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হয়েছে। যেহেতু ট্রাস্টি বোর্ড সংক্রান্ত বিষয়টি সম্পূর্ণরূপে একটি আইন প্রক্রিয়া, সেহেতু বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থী-অভিভাবক, শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারীকে এই সংক্রান্ত সংবাদের পরিপ্রেক্ষিতে উদ্বিগ্ন না হওয়ার জন্য আহ্বান করা হচ্ছে। উল্লেখ্য, প্রিমিয়ার ইউনিভার্সিটির সকল বিভাগে নিয়মিত শিক্ষাকার্যক্রম পুরোদমে চালু রয়েছে। ট্রাস্টি বোর্ড সংক্রান্ত বিষয়ের সঙ্গে নিয়মিত একাডেমিক কার্যক্রমের সম্পর্ক থাকলেও তা পরোক্ষ। বিশ্ববিদ্যালয়ের দৈনন্দিন শিক্ষাকার্যক্রমকে তা ব্যাহত করে না। এই বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ড সম্পর্কে যা করণীয় তা শিক্ষা মন্ত্রণালয় করবে। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 16 September 2024, Page: 2, Col: 6
https://edainikazadi.net/index.php?page=1&date=2024-09-16




চট্টগ্রাম সোমবার ১৬ সেপ্টেম্বর ২০২৪

# দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক দৈনিকের স্বীকৃতিপ্রাপ্ত

Monday 16 September 2024

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone




## প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষাকার্যক্রম স্বাভাবিক

প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ড নিয়ে বিভিন্ন সংবাদ মাধ্যমে বিভিন্ন রকমের সংবাদ প্রকাশিত হয়েছে, যা প্রিমিয়ার ইউনিভার্সিটি কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হয়েছে। প্রিমিয়ার ইউনিভার্সিটি একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়। প্রিমিয়ার ইউনিভার্সিটি প্রতিষ্ঠাকাল থেকে অদ্যাবধি দেশবরেণ্য শিক্ষাবিদ এবং শিক্ষানুরাগী ব্যক্তিবর্গের সমন্বয়ে সময়ে সময়ে গঠিত বোর্ড অব গভার্নস/বোর্ড অব ট্রাস্টিজ-এর মাধ্যমে পরিচালিত হয়ে আসছে। বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ড গঠন/পুনর্গঠন ইত্যাদি বিষয় তদারকির জন্য রাষ্ট্রের সুনির্দিষ্ট কর্তৃপক্ষ রয়েছেন।যেহেতু ট্রাস্টি বোর্ড সংক্রান্ত বিষয়টি সম্পূর্ণরূপে একটি আইন প্রক্রিয়া, সেহেতু বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থী-অভিভাবক, শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারীকে এই সংক্রান্ত সংবাদের পরিপ্রেক্ষিতে উদ্বিগ্ন না হওয়ার জন্য আহ্বান করা হচ্ছে। উল্লেখ্য, প্রিমিয়ার ইউনিভার্সিটির সকল বিভাগে নিয়মিত শিক্ষাকার্যক্রম পুরোদমে চালু রয়েছে। ট্রাস্টি বোর্ড সংক্রান্ত বিষয়ের সঙ্গে নিয়মিত একাডেমিক কার্যক্রমের সম্পর্ক থাকলেও তা পরোক্ষ। বিশ্ববিদ্যালয়ের দৈনন্দিন শিক্ষাকার্যক্রমকে তা ব্যাহত করে না। এই বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ড সম্পর্কে যা করণীয় তা শিক্ষা মন্ত্রণালয় করবে। প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষাকার্যক্রম পরিচালনায় শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারীদের পাশাপাশি সকল শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের সার্বিক সহযোগিতা কামনা করা হয়েছে।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 16 September 2024, Page: 3, Col: 2
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2024-09-16

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

সোমবার
চট্টগ্রাম
১৬ সেপ্টেম্বর ২০২৪
১ আশ্বিন ১৪৩১
১২ রবিউল আওয়াল ১৪৪৬
বর্ষ-১২, সংখ্যা-২৬৩

www.dailypurbodesh.com | প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ | ৮ পৃষ্ঠা | ৭ টাকা

শিশুদের আগ্রহ ও আনন্দ বিষয়ে খবর রাখতে হয় শিশুসাহিত্যিকদের ৩
জশনে জুলুসে ঈদে মিলাদুন্নবী (দ.) ওয়ার্ল্ড হেরিটেজের স্বীকৃতি পাক ৪
কিটিং-পূর্ণিমার গোলে নেপালকে উড়িয়ে চ্যাম্পিয়ন বাংলাদেশ ৬
৫ দিন পর ৫ দিনের জন্য কর্মবিরতি প্রত্যাহার ৮

# প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষা কার্যক্রম স্বাভাবিক

বাংলাদেশে বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহ প্রাইভেট ইউনিভার্সিটি আইন-২০১০ অনুসারে ট্রাস্টি বোর্ড দ্বারা পরিচালিত হয়। বেসরকারি বিশ্ববিদ্যালয়ের প্রকৃত অর্থে কোনো মালিকানা নেই এবং বিশ্ববিদ্যালয় কারও ব্যক্তি মালিকানাধীন সম্পত্তি নয়। ট্রাস্টি বোর্ড বিশ্ববিদ্যালয়ের আর্থিক সম্পদের রক্ষাকারী এবং সকল সম্পদকে কেবলমাত্র বিশ্ববিদ্যালয়ের স্বার্থে সুষ্ঠুভাবে ব্যবহার করার জন্য দায়বদ্ধ। বিশ্ববিদ্যালয়ের ভূ-সম্পত্তি, ভৌত কাঠামো, শিক্ষাসামগ্রী ইত্যাদি বিশ্ববিদ্যালয়ের সম্পত্তি। বোর্ড অব ট্রাস্টিজের সদস্যরা সময়ে সময়ে প্রয়োজন অনুযায়ি পরিবর্তিত হন। তাঁরা কেউই বহুকালব্যাপী স্থায়ী নন। বিশ্বের প্রথম ২০টি বিশ্ববিদ্যালয়ের অধিকাংশই বেসরকারি বিশ্ববিদ্যালয় এবং শত শত বছর ধরে ট্রাস্টির দ্বারা নিয়ন্ত্রিত; যেমন-হার্ভার্ড, প্রিন্সটন ও এমআইটি প্রভৃতি। হার্ভার্ড প্রায় ৪০০ বছরের পুরনো বেসরকারি বিশ্ববিদ্যালয়, যা এতোবছর ধরে ট্রাস্টিদের দ্বারা পরিচালিত হচ্ছে। এইসব বিশ্ববিদ্যালয় বা বাংলাদেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহ কারও ব্যক্তিগত সম্পত্তি নয়। একটি বেসরকারি বিশ্ববিদ্যালয় ট্রাস্টিদের ট্রাস্ট। কোনো ট্রাস্টি বিশ্ববিদ্যালয়কে পরিচালনার ক্ষেত্রে কোনোরকম আস্থা ভঙ্গ করতে পারেন না। বিশ্ববিদ্যালয় তাঁদের কাছে একটি পবিত্র বিশ্বাসের জায়গা, যা জনকল্যাণে শিক্ষার জন্য নিবেদিত।

প্রিমিয়ার ইউনিভার্সিটি একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়। প্রিমিয়ার ইউনিভার্সিটি তার প্রতিষ্ঠাকাল থেকে অদ্যাবধি দেশবরেণ্য শিক্ষাবিদ এবং শিক্ষানুরাগী ব্যক্তিবর্গের সমন্বয়ে সময়ে সময়ে গঠিত বোর্ড অব গভার্নস/বোর্ড অব ট্রাস্টিজ-এর মাধ্যমে পরিচালিত হয়ে আসছে। বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ড গঠন/পুনর্গঠন ইত্যাদি বিষয় তদারকির জন্য রাষ্ট্রের সুনির্দিষ্ট কর্তৃপক্ষ রয়েছেন। সম্প্রতি দেশের বিভিন্ন পত্র-পত্রিকায় প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ড নিয়ে বিভিন্ন রকমের সংবাদ প্রকাশিত হয়েছে, যা প্রিমিয়ার ইউনিভার্সিটি কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হয়েছে। যেহেতু ট্রাস্টি বোর্ড সংক্রান্ত বিষয়টি সম্পূর্ণরূপে একটি আইন প্রক্রিয়া, সেহেতু বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থী-অভিভাবক, শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারীকে এই সংক্রান্ত সংবাদের পরিপ্রেক্ষিতে উদ্বিগ্ন না হওয়ার জন্য আহ্বান করা হচ্ছে।

উল্লেখ্য, প্রিমিয়ার ইউনিভার্সিটির সকল বিভাগে নিয়মিত শিক্ষাকার্যক্রম পুরোদমে চালু রয়েছে। ট্রাস্টি বোর্ড সংক্রান্ত বিষয়ের সঙ্গে নিয়মিত একাডেমিক কার্যক্রমের সম্পর্ক থাকলেও তা পরোক্ষ। বিশ্ববিদ্যালয়ের দৈনন্দিন শিক্ষাকার্যক্রমকে তা ব্যাহত করে না। এই বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ড সম্পর্কে যা করণীয় তা শিক্ষা মন্ত্রণালয় করবে।

প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষাকার্যক্রম পরিচালনায় শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারীদের পাশাপাশি সকল শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের সার্বিক সহযোগিতা কাম্য। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 16 September 2024, Page: 2, Col: 6
https://epurbodesh.com/index.php?page=1&date=2024-09-16